কানুনগো | অতীব জরুরী
প্রধান সহকারী | জরুরী
সার্ভেয়ার | পেশ করুন
নাজির | আ... করুন
রেকর্ড রুম সহকারী | নথি...
সার্টিফিকেট পেশকার
সার্টিফিকেট সহকারী
প্রসেস সার্ভার
সহকারী কমিশনার (ভূমি)
রূপসা, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রূপসা, খুলনা
www.rupsha.khulna.gov.bd

নং- ০৫.৪৪.৪৭৭৫.০০০.০৬.০২১.২৬-৬২ তারিখ : ০২/০২/২০২৬ খ্রি.

## হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী নীতিমালা অনুযায়ী রূপসা উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারগুলো বাংলা ১৪৩৩ সনের (১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্ন বর্ণিত শর্ত অনুযায়ী আগ্রহী দরদাতাদের নিকট থেকে সীলমহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউলসমূহ নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রূপসা/উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা/সহকারী কমিশনার (ভূমি), রূপসা এর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) প্রতিদিন অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিনে কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না। দরপত্র দাখিলের দফা/ পর্ব ভিত্তিক নির্ধারিত তারিখ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা এর কার্যালয় ও জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে এবং ঐ দিন (দফা/পর্ব অনুসারে) দুপুর ৩.৩০ টায় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

উল্লেখ্য দরপত্র দাখিলের শর্তাবলী দরপত্রের সাথে পাওয়া যাবে অথবা পূর্বে সংশ্লিষ্ট দপ্তর হতে জানা যাবে। এ ছাড়া দরপত্র দাখিলের পূর্বে হাট-বাজারটির বাস্তব অবস্থা দরপত্র দাতা নিজ দায়িত্বে দেখে নিতে পারেন। পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

## হাট-বাজারের তালিকা।

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | বাংলা ১৪৩৩ সালের সম্ভাব্য ইজারা মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | সেনের বাজার | আইচগাতী | ১,০৬,১৭৭/- | ১,০০০/- (এক হাজার) টাকা |
| ০২ | নবাব বাজার | আইচগাতী | ১,৮৯,৯১৭/- | ১,০০০/- (এক হাজার) টাকা |
| ০৩ | আমতলা হাট | আইচগাতী | ৩,০৯,৬২৬/- | ১,৪০০/- (এক হাজার চার শত) টাকা |
| ০৪ | পালের হাট | শ্রীফলতলা | ৪,০১,৭৪০/- | ১,৬০০/- (এক হাজার ছয় শত) টাকা |
| ০৫ | পোলের হাট | শ্রীফলতলা | ২০,১৪০/- | ৫০০/- (পাঁচ শত) টাকা |
| ০৬ | রূপসা গো-হাট | নৈহাটি | ১,১৬,৬০০/- | ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র |
| ০৭ | সামন্তসেনা নতুন হাট | নৈহাটি | ২,৭৩,০২০/- | ১,২০০/- (এক হাজার দুই শত) টাকা |
| ০৮ | রূপসা কাঁচা বাজার | নৈহাটি | ১,৫৯,৭০৭/- | ১,০০০/- (এক হাজার) টাকা |
| ০৯ | নৈহাটি কালী বাড়ী বাজার | নৈহাটি | ১,৩২,৬৭৭/- | ১,০০০/- (এক হাজার) টাকা |
| ১০ | জাবুসা হাট | নৈহাটি | ১৯,২৫৭/- | ৫০০/- (পাঁচ শত) টাকা |
| ১১ | আলাইপুর বাজার | ঘাটভোগ | ১,৯০,৫০০/- | ১,০০০/- (এক হাজার) টাকা |
| ১২ | শিয়ালী হাট | ঘাটভোগ | ৪,৪০,৮৩৬/- | ১,৬০০/- (এক হাজার ছয় শত) টাকা |
| ১৩ | বামনডাংগা হাট | ঘাটভোগ | ৮৫,৪১৩/- | ৫০০/- (পাঁচ শত) টাকা |
| ১৪ | ডোবা হাট | ঘাটভোগ | ৬,০১,২১৪/- | ২,০০০/- (দুই হাজার) টাকা |

## দরপত্র দাখিলের তারিখসমূহ

| ১ম পর্ব দরপত্র দাখিলের তারিখ | ১ম পর্বের দরপত্র গৃহীত না হলে ২য় পর্ব দরপত্র দাখিলের তারিখ | ২য় পর্বের দরপত্র গৃহীত না হলে ৩য় পর্ব দরপত্র দাখিলের তারিখ | ৩য় পর্বের দরপত্র গৃহীত না হলে ৪র্থ পর্ব দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|
| ০৯/০৩/২০২৬ | ১৫/০৩/২০২৬ | ৩০/০৩/২০২৬ | ০৫/০৪/২০২৬ |

বি: দ্র: হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভা যথাক্রমে ইং ১০/০৩/২০২৬, ইং ১৬/০৩/২০২৬, ইং ৩১/০৩/২০২৬ এবং ০৬/০৪/২০২৬ তারিখ বেলা ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। প্রয়োজনে সভার তারিখ পরিবর্তন করা হতে পারে।

## :১৪৩৩ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী:

১) বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩৩ সনের ৩০ শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজারের ইজারা দেয়া হবে।

২) দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তপসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে, উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বছর সমপান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

৩) যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় হাটবাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩(তিন) বছরের গড় ইজারা মূল্য(সরকারী মূল্য) হতে কম হয় তা হলে পুণরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান করা সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ০৩(তিন) বছরের গড় ইজারা মূল্য (সরকারী মূল্য) হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫) এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না। এক দফার জন্য ক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬) খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭) সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টানিয়ে প্রচার করবেন।

৮) প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯) ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০) ইজারার সমস্থ অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১) দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২) ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩)ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪) কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫) নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬)হাট-বাজার ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭) চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাবে।

১৮)কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(সানজিদা রিক্তা)
উপজেলা নির্বাহী অফিসার
রূপসা, খুলনা
ই-মেইল-unorupsha@gmail.com
মোবা: ০১৭৪৭-৬০৬০৬০


স্মারক নং- ০৫.৪৪.৪৭৭৫.০০০.০৬.০২১.২৬- (যুক্ত)

তারিখ : ০২/০২/২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১) জেলা প্রশাসক, খুলনা

২) উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্য্যালয়, খুলনা। এতদসংগে ১ম পর্বের জন্য প্রতিটি হাট-বাজারের বিপরীতে ০১ (এক) টি করে মোট=১৪(চৌদ্দ) ফর্দ দরপত্র ফরম বিক্রয়ার্থে সংযুক্ত করে প্রেরণ করা হলো। দরপত্র বিক্রয় বিবরণী ও বিক্রিত অর্থ আগামী ইং ০৮/০৩/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা

৪) প্রশাসক, উপজেলা পরিষদ, রূপসা, খুলনা

৫) উপজেলা নির্বাহী অফিসার-----------------------------------উপজেলা, খুলনা

৬) সহকারী কমিশনার (ভূমি), রূপসা, খুলনা। এতদসংগে ১ম পর্বের জন্য প্রতিটি হাট-বাজারের বিপরীতে ০১ (এক) টি করে মোট=৪(চার) ফর্দ দরপত্র ফরম বিক্রয়ার্থে সংযুক্ত করে প্রেরণ করা হলো। দরপত্র বিক্রয় বিবরণী ও বিক্রিত অর্থ আগামী ইং ০৮/০৩/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৭) অফিসার-ইন-চার্জ, রূপসা থানা, রূপসা, খুলনা

৮) উপজেলা-----------------------------------------------অফিসার, রূপসা, খুলনা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য তার নোটিশ বোর্ডে টানিয়ে রাখার জন্য অনুরোধ করা হলো।

৯) ব্যবস্থাপক----------------------------------ব্যাংক----------------------------শাখা, রূপসা, খুলনা

১০) চেয়ারম্যান, আইচগাতী/শ্রীফলতলা/নৈহাটি/টিএসবি/ঘাটভোগ, রূপসা, খুলনা। বিজ্ঞপ্তিটি তার এলাকায় হাট-বাজারসহ জনাকীর্ণ স্থানসমূহে ঢোলসহরত/মাইকিংযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১১) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, নৈহাটি/ঘাটভোগ, রূপসা, খুলনা। তাকে ইজারা বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট হাট-বাজার স্থলে ও হাট/বাজার নির্দিষ্ট দিবসে ঢোলসহরত/মাইকিংযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১২) সভাপতি/সম্পাদক--------------------------------------- বাজার কমিটি, রূপসা, খুলনা।

১৩) জনাব----------------------------------------------- সদস্য হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি, রূপসা, খুলনা

১৪) জনাব----------------------------------প্রাক্তন ইজারাদার, ------------------হাট/বাজার, রূপসা, খুলনা

১৫) নোটিশ বোর্ড


(সানজিদা রিক্তা)
উপজেলা নির্বাহী অফিসার
রূপসা, খুলনা